দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... ৮১ JAN ২০০৫ ...
পৃষ্ঠা ... ১ ২ ... ৬ ...

# গ্রেডিং সিস্টেম সম্পর্কে মন্ত্রণালয় বিভ্রান্ত!

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন বলেছেন, গ্রেডিং সিস্টেম সংস্কার করা হবে এটা নিশ্চিত

(১- পৃষ্ঠা ৬-এর পর দেখুন)

(১ম-এর পাতার পর)

## গ্রেডিং সিস্টেম

হলেও গ্রেডিংয়ের ধাপ কি হবে তা চূড়ান্ত করা হয়নি। গ্রেডিংয়ের ধাপ সম্পর্কে বিশেষজ্ঞদের তিনটি প্রস্তাব পর্যালোচনা করে অচিরেই সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান। দেশজুড়ে ছাত্রছাত্রীদের উদ্বেগ-উৎকণ্ঠা সম্পর্কে প্রতিমন্ত্রী বলেন, এটা আমরাও বুঝি। কিন্তু করার কিছুই নেই। শিক্ষা মন্ত্রণালয়ও বিষয়টি নিয়ে বিভ্রান্ত বলে তিনি জানান। পাঠ্যপুস্তক সম্পর্কে ব্রিফিং দেবার সময় প্রতিমন্ত্রীকে সাংবাদিকরা ছাত্রছাত্রী ও অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠার কথা জানান।

প্রতিমন্ত্রী বলেন, গ্রেডিং পদ্ধতি ধীরে-সুস্থে চালু করা উচিত ছিল। তাড়াহুড়া করে এই কাজটি করায় ত্রুটি রয়ে গেছে। এই ত্রুটি কিভাবে সংশোধন করা হবে সেটি বের করার চেষ্টা চলছে। তবে গ্রেডিং সম্পর্কে মন্ত্রণালয়ের মন্ত্রী, সচিবসহ সংশ্লিষ্টদের মধ্যে ভিন্নমত রয়েছে বলে তিনি খোলামেলাভাবে উল্লেখ করেন।